BREAKING NEWS LIVE

সত্যের সাথে, সত্যের পথে

সংবাদপত্র সংস্করণ (PDF) তৈরি: 20 Nov 2026, 04:54 PM

সারাদেশ

ফরিদপুরে পৃথক সড়ক দুর্ঘটনায় নিহত ৫, আহত ১১

প্রতিবেদক: ঢাকাপ্রোব ডেস্ক
প্রকাশের তারিখ: শুক্রবার, ২৩ অক্টোবর ২০২৬, ০৭:০৯ PM



সংগৃহীত ছবি

ফরিদপুরে পৃথক সড়ক দুর্ঘটনায় পাঁচজন নিহত হয়েছেন। এ ঘটনায় আহত হয়েছেন অন্তত ১১ জন।

শুক্রবার (২৩ অক্টোবর) বিকাল ৩টার দিকে ঢাকা-খুলনা মহাসড়কের ফরিদপুরের মধুখালী উপজেলার আরকান্দি এলাকায় বাস ও অ্যাম্বুলেন্সের মুখোমুখি সংঘর্ষে তিনজন নিহত হন।

এদিকে, বিকাল সাড়ে ৩টার দিকে ঢাকা-খুলনা মহাসড়কের ফরিদপুর সদর উপজেলার কানাইপুরের তেঁতুলতলা এলাকায় বালুবোঝাই একটি ট্রাক উলটে একটি প্রাইভেট কার ও অটোরিকশার ওপর পড়ে। এ সময় অটোরিকশায় থাকা শিশুসহ দুজনের মৃত্যু হয়।

পুলিশ, ফায়ার সার্ভিস ও স্থানীয় সূত্রে জানা গেছে, শুক্রবার বিকাল ৩টার দিকে মাগুরা থেকে ছেড়ে আসা কিংফিশার পরিবহণের একটি

যাত্রীবাহী বাস মধুখালী উপজেলার আরকান্দি এলাকায় পৌঁছালে বিপরীত দিক থেকে আসা একটি অ্যাম্বুলেন্সের সঙ্গে মুখোমুখি সংঘর্ষ হয়। এতে অ্যাম্বুলেন্সে থাকা তিনজন ঘটনাস্থলেই নিহত হন। এ ঘটনায় আহত হন আরও চারজন। তাদের উদ্ধার করে মধুখালী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নেওয়া হয়।

এদিকে, বিকাল সাড়ে ৩টার দিকে ঢাকা-খুলনা মহাসড়কের কানাইপুরের তেঁতুলতলা এলাকায় বালুবোঝাই একটি ট্রাক নিয়ন্ত্রণ হারিয়ে একটি প্রাইভেট কার ও অটোরিকশার ওপর পড়ে। এতে প্রাইভেট কার ও অটোরিকশার একাংশ দুমড়ে-মুচড়ে যায়। এতে অটোরিকশায় থাকা এক নারী ও তার শিশুসন্তানের মৃত্যু হয়। এ ঘটনায় আহত হন আরও সাত জন। নিহত ও আহতদের উদ্ধার করে ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠানো হয়েছে।

ফরিদপুর ফায়ার সার্ভিসের সিনিয়র স্টাফ কর্মকর্তা শ্রীবাস বারুই জানান, দুর্ঘটনার খবর পেয়ে ফায়ার সার্ভিসের কর্মীরা দ্রুত ঘটনাস্থলে পৌঁছে উদ্ধারকাজ শুরু করেন। দুর্ঘটনাকবলিত যানবাহন সরিয়ে নেওয়ার পর মহাসড়কে যান চলাচল স্বাভাবিক হয়। বিশেষ করে কানাইপুরের তেঁতুলতলা এলাকায় দুর্ঘটনার পর মহাসড়কের দুপাশে যানবাহনের দীর্ঘ সারি তৈরি হয়।

করিমপুর হাইওয়ে থানার ওসি আব্দুস সালাম বলেন, মধুখালীতে বাস-অ্যাম্বুলেন্স সংঘর্ষে তিনজন নিহত হয়েছেন। তাদের পরিচয় তাৎক্ষণিকভাবে জানা সম্ভব হয়নি। উদ্ধার কাজ চালাচ্ছি, পরে বিস্তারিত বলা যাবে। এছাড়া অপর দুর্ঘটনায় কানাইপুরে দুজনের মৃত্যু হয়েছে।

এ বিভাগের আরও খবর



বেনাপোল সীমান্তে ২৮ লক্ষ টাকা মূল্যের ভারতীয় কসমেটিক্স সামগ্রী আটক
যশোরের বেনাপোল সীমান্তে অভিযান পরিচালনা করে ভারতীয় চোরাচালানী মালামাল আটক করেছে বর্ডার গার্ড বাংলাদেশ বিজিবি সদস্যরা।শনিবার (৩১ অক্ট...



দিরাইয়ে এইচএসসিতে পাসের হার ৪৭.৮২ শতাংশ, এক কলেজে পাস করেনি কেউ
সুনামগঞ্জের দিরাই উপজেলায় ২০২৬ সালের এইচএসসি পরীক্ষায় ১০টি কলেজ থেকে অংশ নেওয়া ১ হাজার ৮৬১ শিক্ষার্থীর মধ্যে পাস করেছে ৮৯০ জন। উপজেলায় গড় পা...



ব্রাহ্মণবাড়িয়ায় নিষিদ্ধ ছাত্রলীগ নেতা আলামিন গ্রেফতার

ব্রাহ্মণবাড়িয়ায় পুলিশের বিশেষ অভিযানে নিষিদ্ধ সংগঠন ছাত্রলীগের নেতা আলামিন সরকারকে (৩২) গ্রেফতার করা হয়েছে। গতকাল শুক্রবার রাত সাড়ে ৮টা...



চোর ধরায় এমপির বিরুদ্ধে চেষ্টা হচ্ছে অপবাদ, প্রতিবাদে বিএনপির বিক্ষোভ

সংসদ সদস্য অ্যাড. নুরুল ইসলাম নুরুলের বিরুদ্ধে মিথ্যাচারের প্রতিবাদে সুনামগঞ্জ সদর উপজেলা বিএনপি ও পৌর বিএনপির উদ্যোগে সুনামগঞ্জ শহরে বিক্ষো...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: https://seradealbd.com/saradesh/fridpure-prithk-sdk-durghtnaj-niht-5-aht-11